রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৮, ২০১৬

**৩য় খণ্ড**

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৩/১৩ অক্টোবর ২০১৬

**নং ১ক-১/২০০৮/ডি-১/৩০০**—বাংলাদেশ সেনাবাহিনীর ৪৭তম সরাসরি স্বল্পমেয়াদী কোর্স (জেনারেল লিস্ট)-এর ট্রেইনি বিএসপি-৯২৭৮ সেকেন্ড লেফটেন্যান্ট মোঃ শহিদুল ইসলাম-কে ২২ জুলাই ২০১৫ তারিখ থেকে সরাসরি স্বল্পমেয়াদী (জিএল) কমিশন প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ জাহাঙ্গীর কবীর**
যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৩/১৩ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.০৪০.১২.০৬৮.১৪.৩০৪**—বাংলাদেশ সরকারী কর্ম-কমিশনের ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ৮০.১০৩.০১২.০০.০০.০১৪.২০১৬-১৮৭ সংখ্যক পত্রের সুপারিশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের নিম্নবর্ণিত পেশাগত সহকারীগণকে তাঁদের নামের বিপরীতে বর্ণিত পদে এবং জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে নির্দেশক্রমে পদোন্নতি প্রদান করা হল:

| ক্রমিক নং | জ্যেষ্ঠত্ব নম্বর | নাম ও বর্তমান পদবি | পদোন্নতিপ্রাপ্ত পদের নাম ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|
| ১ | ১ | নাজমুন নাহার, পেশাগত সহকারী | সহকারী আবহাওয়াবিদ টাকা ২২০০০–৫৩০৬০ (৯ম গ্রেডভুক্ত) |
| ২ | ২ | মেঘনাথ তঞ্চঙ্গ্যা, পেশাগত সহকারী | সহকারী আবহাওয়াবিদ টাকা ২২০০০–৫৩০৬০ (৯ম গ্রেডভুক্ত) |

২। সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী উল্লিখিত কর্মকর্তাগণ পদোন্নতির তারিখ থেকে ১(এক) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে নিয়োজিত থাকবেন। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল অতিরিক্ত আরও ১(এক) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।

৩। শিক্ষানবিশকালে চাকুরি সন্তোষজনক বিবেচিত হলে এবং শিক্ষানবিশকাল সমাপ্তির পর গৃহীত পরীক্ষায় কৃতকার্য হলে পদোন্নতিপ্রাপ্ত পদে তাঁদের চাকুরি স্থায়ী করা হবে।

৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হল এবং যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাসিম বানু**
উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৩/১০ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০৪৪.১৫.৫৫৭**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নেভী রুল ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারিত বয়সসীমা অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | লেঃ কমান্ডার মুন্সী মিজানুর রহমান, (এসডি)(এস), বিএন (পি নং ১৩৩৬)। | বিকাল ১০-১১-২০১৬ | সকাল ১১-১১-২০১৬ |
| ২ | লেঃ কমান্ডার এম মনির হোসেন, (এসডি)(এক্স), বিএন (পি নং ১৪০৭)। | বিকাল ১৪-১১-২০১৬ | সকাল ১৫-১১-২০১৬ |

২। জেএসআই অনুযায়ী লেঃ কমান্ডার মুন্সী মিজানুর রহমান, (এসডি)(এস), বিএন (পি নং ১৩৩৬) ১১ মাস ২৫ দিন এবং লেঃ কমান্ডার এম মনির হোসেন, (এসডি)(এক্স), বিএন (পি নং ১৪০৭) ১২ মাস এলপিআর ভোগ করবেন।

৩। উল্লিখিত কর্মকর্তাগণ বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। উল্লিখিত কর্মকর্তাগণের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিস্পত্তির সময় সমন্বয় করতে হবে।

তারিখ: ৫ কার্তিক ১৪২৩/২০ অক্টোবর ২০১৬

**নং প্রম/চাকরি বৃদ্ধি/২০১১/ডি-৬/৫৬৭**—বাংলাদেশ নৌবাহিনীর স্পেশাল ডিউটি (এসডি) লিস্টভুক্ত নিম্নবর্ণিত ১(এক) জন কর্মকর্তার চাকরি নেভী রুল-১২(এ)(১)(এ) অনুযায়ী বিশেষ বিবেচনায় তাঁর নামের পাশে উল্লিখিত মেয়াদে ২(দুই) বৎসর অর্থাৎ ৫৪ বৎসর বয়সসীমা পর্যন্ত বর্ধিত করা হলো :

| ক্রমিক নং | পদবি, নাম ও পি নং | বর্ধিত চাকরির মেয়াদ (৫৪ বৎসর পর্যন্ত) |
|---|---|---|
| ১ | লেঃ কমান্ডার এম কামাল উদ্দিন বিশ্বাস, (এসডি)(এল), বিএন (পি নং ১৬৮০) | ২৫-১১-২০১৬ থেকে ২৪-১১-২০১৮ |

তারিখ: ১২ কার্তিক ১৪২৩/২৭ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০৪৪.১৫.৫৭৮**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে নেভী রুল ১২এ(১)(এ) অনুযায়ী বর্তমান পদবির জন্য নির্ধারত বয়সসীমা অতিক্রমের পর তাঁদের নামের পাশে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর মঞ্জুর করা হলো:

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| ১ | কমডোর মোঃ নুরুল আবছার, (এল), এনজিপি, এনডিসি, পিএসসি, বিএন (পি নং ২৬৫)। | বিকাল ২৯-১২-২০১৬ | সকাল ৩০-১২-২০১৬ |
| ২ | রিয়ার এডমিরাল কাজী সারোয়ার হোসেন, এনবিপি, ওএসপি, বিসিজিএমএস, এনসিসি, পিএসসি (পি নং ২১৩)। | বিকাল ৩১-১২-২০১৬ | সকাল ০১-০১-২০১৭ |
| ৩ | রিয়ার এডমিরাল রিয়াজ উদ্দিন আহমেদ, ওএসপি, বিএসপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি (পি নং ২০৯)। | বিকাল ০৯-১২-২০১৬ | সকাল ১০-১২-২০১৬ |
| ৪ | রিয়ার এডমিরাল মোঃ ছাইফুল কবীর, এনবিপি, ওএসপি, এনডিইউ, পিএসসি (পি নং ১৬৮)। | বিকাল ২০-১২-২০১৬ | সকাল ২১-১২-২০১৬ |

২। জেএসআই মোতাবেক এবং বর্ণিত কর্মকর্তাগণের আবেদন অনুযায়ী ১২ (বার) মাস এলপিআর ভোগ করবেন।

৩। উল্লিখিত কর্মকর্তাগণ বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। উল্লিখিত কর্মকর্তাগণের নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিস্পত্তির সময় সমন্বয় করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এস. এম. আবুল কালাম আজাদ**

যুগ্মসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৩/০২ অক্টোবর ২০১৬

**নং প্রম/স্বে:অব:/১৬/ডি-৭/অংশ-১/৪৩০**—বাংলাদেশ বিমান বাহিনীর স্কোয়াড্রন লীডার শওকত ওমর দীপ্র (বিডি/৮৮৭০), এডিডব্লিউসি-কে বিমান বাহিনী অ্যাক্ট রুল-২০ অনুযায়ী স্বেচ্ছামূলক অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাদি পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০২ কার্তিক ১৪২৩/১৭ অক্টোবর ২০১৬

**নং প্রম/স্বে:অব:/১৩/ডি-৭/৪৪০**—বাংলাদেশ বিমান বাহিনীর উইং কমান্ডার এস এম এম শহীদুজ্জামান, পিএসসি (বিডি/৮৭০৯), শিক্ষা-কে বিমান বাহিনী অ্যাক্ট রুল-২০ অনুযায়ী স্বেচ্ছামূলক অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাদি পাবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফিকুল আহম্মদ**

যুগ্মসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১ কার্তিক ১৪২৩/১৬ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৬০.১১.০১১.২০১৩-২১৬**—বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়ের ৩১ মে ২০১৬ তারিখের ৮০.১০৩.০১১.০০.০০.০০৬.২০১৫-১১৫ সংখ্যক পত্রের মাধ্যমে সুপারিশকৃত এবং নিয়মানুযায়ী পুলিশ ভেরিফিকেশন ও স্বাস্থ্য পরীক্ষায় সন্তোষজনক সনদ প্রাপ্তির পরিপ্রেক্ষিত সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য সুবিধাসহ জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২০০০–৫৩০৬০ (৯ম গ্রেড) বেতনক্রমে বেগম শাকিলা জামান পিতা সামসুজ্জামানকে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের "সহকারী পরিচালক (জরিপ)" ১ম শ্রেণি পদে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হল:

(ক) চাকরিতে যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর তিনি শিক্ষানবিশ হিসেবে থাকবেন;

(খ) শিক্ষানবিশকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে তাঁকে নিয়মিত করা হবে; প্রয়োজনবোধে এ শিক্ষানবিশকাল আরও ২ বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;

(গ) শিক্ষানবিশকালের মধ্যে তাঁর কাজকর্ম সন্তোষজনক বিবেচিত না হলে কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (terminate) ঘটাতে পারবেন;

(ঘ) তাঁকে বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। বাংলাদেশ জরিপ অধিদপ্তর কর্তৃক প্রণয়নকৃত প্রশিক্ষণ কর্মসূচীতে সফলতার সঙ্গে উত্তীর্ণ হওয়ার উপর তাঁর চাকরিতে বহাল থাকা, ভবিষ্যৎ পদোন্নতি এবং স্থায়ী হওয়া নির্ভর করবে;

(ঙ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিশকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে তাঁর নিয়োগ বাতিল করতে পারবে;

(চ) চাকরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি-বিধান এবং সংশ্লিষ্ট নিয়োগ-বিধি তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং তাঁর জ্যেষ্ঠতা সরকারি বিধি অনুযায়ী নির্ধারিত হবে;

(ছ) বাংলাদেশের ভেতরে বা বাইরে বাংলাদেশ জরিপ অধিদপ্তরের কোন অফিস থাকলে/খোলা হলে এবং সেখানে তাঁকে অস্থায়ীভাবে বদলি করা হলে কোন অতিরিক্ত পারিশ্রমিক ব্যতিরেকে তিনি কাজ করতে বাধ্য থাকবেন;

(জ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঝ) তিনি যদি চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দিবেন, সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে। তিনি এ সময়সীমার মধ্যে ইস্তফার বিষয়টি কর্তৃপক্ষকে জানাতে ব্যর্থ হলে ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারের খাতে যথাযথভাবে জমা দিতে তিনি বাধ্য থাকবেন;

(ঞ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্ত হবেন না;

(ট) এ আদেশ বাংলাদেশ জরিপ অধিদপ্তরে তাঁর 'সহকারী পরিচালক' পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে; এবং

(ঠ) আগামী ৩১ অক্টোবর, ২০১৬ তারিখের মধ্যে অফিস সময়ে তাঁকে সার্ভেয়ার জেনারেল, বাংলাদেশ জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকায় যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২। চাকরিতে যোগদানের সময় তাঁকে নিম্নবর্ণিত প্রমাণকসমূহ দাখিল করতে হবে;

(ক) ১ম শ্রেণির ২ (দুই) জন গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রত্যয়নকৃত চারিত্রিক সনদপত্র (২ কপি);

(খ) এস. এস. সি সহ সকল উচ্চতর পরীক্ষা পাশের সনতপত্রের সত্যায়িত অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত);

(গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদানকৃত স্থায়ী বাসভূমি প্রমাণের সনদপত্র;

(ঘ) এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

তারিখ: ০৯ কার্তিক ১৪২৩/২৪ অক্টোবর ২০১৬

**নং প্রম/৪এমই-৩২/পিআরএল/২০১৪/ডি-১২/৩৮৮**—মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর সহকারী প্রকৌশলী বি/আর জনাব মোঃ আমিনুল হক (ব্যক্তিগত নম্বর ৮০২৮৯)-এর আবেদন এবং এসএসসি'র সনদ অনুযায়ী তাঁর জন্ম তারিখ ০১ নভেম্বর ১৯৫৭। আগামী ৩১ অক্টোবর ২০১৬ তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে বিধায় গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪, (Amendment Act No. XII of 1974) এর ৪ ও ৭ ধারা অনুযায়ী জনাব মোঃ আমিনুল হক-এর বয়স ৫৯ বছর পূর্তিতে তাঁকে আগামী ৩১ অক্টোবর, ২০১৬ তারিখে সরকারি চাকুরি থেকে অবসর প্রদান এবং ০১ নভেম্বর, ২০১৬ থেকে ৩১ অক্টোবর, ২০১৭ তারিখ পর্যন্ত ১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post Retirement Leave) মঞ্জুর করা হলো।

২। অর্থ বিভাগের, ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখের চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশের অনুচ্ছেদ ১০ (২) (ক) ও (খ) অনুযায়ী তিনি ১৮ (আঠার) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) হিসেবে এবং বিধি অনুযায়ী অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ওয়ালিউল ইসলাম**

সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৩/২৯ সেপ্টম্বর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.১৮.১৫-২৬৭**—পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পাশে বর্ণিত দপ্তরে নিয়োগ/বদলী করা হল :

| ক্রমিক নং | নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | প্রস্তাবিত নিয়োগ/বদলিকৃত দপ্তর |
|---|---|---|---|
| ০১। | বিএ-৪৩৬৪ মেজর সোমেন কান্তি বড়ুয়া, সিগন্যালস | ব্যাটালিয়ন এ্যাডজুটেন্ট, কর্ণফুলী রেজিমেন্ট, চট্টগ্রাম | ব্যাটালিয়ন এ্যাডজুটেন্ট, রমনা রেজিমেন্ট, ঢাকা। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহম্মদ আশরাফ আলী ফারুক**

উপসচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ:, ২৫ আশ্বিন ১৪২৩/১০ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৩৫.১২-৩২২**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুল্‌স্ ১২ (১), আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ৭৮(ডি), ২৬১ এবং সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ২৬২-এর ১(এ), ৩(এ) এবং এস. আর. ও নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখ ২০ অক্টোবর ২০১৩ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৪২৬৯ মেজর মুহম্মদ আব্দুল্লাহ আল ফারাবী, ইঞ্জিনিয়ার্স-কে বর্তমান পদবীতে চাকরিসীমা শেষে/বয়সসীমা অতিক্রমণের পূর্বে সেনাবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুযায়ী কর্মকর্তা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.৫৯.০১৯.০৮-৩২৩**—সেনা নির্দেশিকা ৩/৮৮-এর অনুচ্ছেদ ২৩-এর ক্রোড়পত্র ‘ডি’-এর ৭ম ডাইরেক্ট শর্ট সার্ভিস কমিশন (৭ম ডিএসএসসি) (স্পেশাল পারপাস)-এর ক্রমিক নম্বর-৭ এর কলাম ‘এফ’ অনুযায়ী নিম্নবর্ণিত ১২(বার) জন আর্মি মেডিকেল কোর (এএমসি)-এর স্পেশাল পারপাস কর্মকর্তাগণের নামের পাশে উল্লিখিত তারিখ থেকে মেজর পদে কমিশন প্রদান, ব্যক্তিগত আর্মি নম্বর ও জ্যেষ্ঠতার পশ্চাৎ তারিখ প্রদান করা হলো:

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | ব্যক্তিগত নম্বর | পদবী | নাম | কমিশন ও যোগদানের তারিখ | প্রশিক্ষণকাল | জ্যেষ্ঠতার মোট সময় (বছর) | মেজর পদবীতে প্রস্তাবিত জ্যেষ্ঠতার পশ্চাৎ তারিখ |
| ১ | বিএসএস-১০১৭০৩ | মেজর | আব্দুল্লাহ্ আল-আমীন, এএমসি Abdullah Al-Amin, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ২ | বিএসএস-১০১৭০৪ | মেজর | তাসনীন সারোয়ার, এএমসি Tasnim Sarwar, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ৩ | বিএসএস-১০১৭০৫ | মেজর | মোহাম্মদ আখতার হাসিব দেওয়ান, এএমসি Mohammed Akhter Hasib Dewan, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ৪ | বিএসএস-১০১৭০৬ | মেজর | হোসনেআরা বেগম, এএমসি Housneara Begum, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ৫ | বিএসএস-১০১৭০৭ | মেজর | মুহাম্মদ হাসান জামান, এএমসি Mohammad Hasan Zaman, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ৬ | বিএসএস-১০১৭০৮ | মেজর | মোহাম্মদ আশফাকুর রহমান, এএমসি Mohammad Ashfaqur Rahman, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ৭ | বিএসএস-১০১৭০৯ | মেজর | হারুন-অর-রশিদ, এএমসি Harun- Or-Rashid, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ৮ | বিএসএস-১০১৭১০ | মেজর | নাসরিন হাসান, এএমসি Nasrin Hasan, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| ৯ | বিএসএস-১০১৭১১ | মেজর | মুনশী শরিফুল ইসলাম, এএমসি Munshi Sariful Islam, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ১০ | বিএসএস-১০১৭১২ | মেজর | মোঃ কামরুজ্জামান, এএমসি Md. Kamruzzaman, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ১১ | বিএসএস-১০১৭১৩ | মেজর | আসমা রহমান, এএমসি Asma Rahman, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |
| ১২ | বিএসএস-১০১৭১৪ | মেজর | মারলিনা রয়, এএমসি Marlina Roy, AMC | ১৫ অক্টোবর ২০১৪ | ১৫ অক্টোবর ২০১৪ থেকে ৩০ অক্টোবর ২০১৪ | ৪ | ১৫ অক্টোবর ২০১০ |

২। এ জ্যেষ্ঠতার পশ্চাৎ তারিখ চাকরিতে তাঁদের পশ্চাৎপ্রবীণতা বেতনবৃদ্ধি, পদোন্নতি ও জ্যেষ্ঠতার ক্ষেত্রে প্রযোজ্য হবে কিন্তু আনুতোষিক এবং বকেয়া বেতনের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

তারিখ: ০১ কার্তিক ১৪২৩/১৬ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৮০.১২.১৭৯.১৬-৩২৬**—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নিম্নবর্ণিত পঞ্চম গ্রেডের কর্মচারীকে তাঁর নামের পাশে উল্লিখিত প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত অস্থায়ী পদে এবং বেতনস্কেলে অস্থায়ীভাবে পদোন্নতি প্রদান করা হলো:

| ক্রমিক নম্বর | নাম ও বর্তমান পদবী | অস্থায়ীভাবে পদোন্নতিপ্রাপ্ত পদনাম | অস্থায়ীভাবে পদোন্নতিপ্রাপ্ত পদের বেতনস্কেল ও গ্রেড (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | জনাব ন, ম, রাশেদ সরওয়ার, অতিরিক্ত পরিচালক, পরিচিতি নম্বর ৪৩ | সিনিয়র অতিরিক্ত পরিচালক | টাকা ৫০০০০—৭১২০০ ও চতুর্থ গ্রেড |

২। 'প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের বেসামরিক গোয়েন্দা কর্মকর্তা এবং কর্মচারী (গোয়েন্দা ও নিরাপত্তা) নিয়োগ বিধিমালা, ২০১৬'-এর ৬(১)(খ) বিধি অনুযায়ী উল্লিখিত পঞ্চম গ্রেডের কর্মচারী যোগদানের তারিখ থেকে ১(এক) বছর শিক্ষানবিস হিসাবে থাকবেন। তবে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে শিক্ষানবিসকাল অনধিক ২(দুই) বছর বৃদ্ধি করতে পারবেন।

৩। শিক্ষানবিসকালে তাঁর আচরণ এবং কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা পদোন্নতিপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে কর্তৃপক্ষ তাঁকে পূর্বতন পদে প্রত্যাবর্তন করাতে পারবে।

৪। সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদপূর্তি এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার ০৬ নম্বর বিধিতে উল্লিখিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে।

৫। এ আদেশ পদোন্নতিপ্রাপ্ত পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৮০.১১.১০৫.১৩-৩২৭**—The Armed Forces Headquarters Civilian Officers Recruitment Rules, 1982-এর অনুচ্ছেদ ৬(৩)(এ) এবং ৬(৪) অনুসারে প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ে নিয়োজিত নিম্নবর্ণিত তৃতীয় গ্রেডের কর্মচারীকে তাঁর নামের পাশে উল্লিখিত তারিখ (৪ নম্বর কলামে বর্ণিত) থেকে প্রধান প্রশাসনিক কর্মকর্তা পদে চাকরিতে স্থায়ী করা হলো:

| ক্রমিক নম্বর | নাম, পদবী ও পরিচিতি নম্বর | পদোন্নতিপ্রাপ্ত পদ এবং উক্ত পদে যোগদানের তারিখ | প্রধান প্রশাসনিক কর্মকর্তা পদে চাকরিতে স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | জনাব মোঃ খায়রুল আলম, প্রধান প্রশাসনিক কর্মকর্তা, পরিচিতি নম্বর ১৯ | প্রধান প্রশাসনিক কর্মকর্তা ও ১৬ আগস্ট ২০১৫ | ১৬ আগস্ট ২০১৫ |

তারিখ: ০৪ কার্তিক ১৪২৩/১৯ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৩৫.১২-৩৩৪**—বাংলাদেশ আর্মি অ্যাক্ট সেকশন-১৮, আর্মি অ্যাক্ট রুল্‌স্ ১২ (১), আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ৭৮(ডি), ২৬১, সংশোধিত আর্মি রেগুলেশন্স (রুল্‌স্) ২৬২-এর ১(এ), ৩(এ) এবং এস. আর. ও নম্বর ৩২৯/আইন/২০১৩, তারিখ ২০ অক্টোবর ২০১৩-এর ক্লজ ১(এ) অনুযায়ী সেনাবাহিনীর নিম্নবর্ণিত ৩(তিন) জন কর্মকর্তা-কে সেনাসদরের প্রস্তাব অনুসারে বর্তমান পদবীতে চাকরিসীমা শেষে/বয়সসীমা অতিক্রমণের পূর্বে সেনাবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো:

| | |
|---|---|
| ১ | বিএ-৩৫৮৯ মেজর খান মোহাম্মদ ফজলী মুকিত, অর্ডন্যান্স |
| ২ | বিএ-৪০৭৮ মেজর মীর আলী আশরাফ, আর্টিলারি |
| ৩ | বিএ-৪২২৯ মেজর মোঃ আনোয়ারুল কবির, ইএমই |

২। প্রচলিত বিধি অনুযায়ী কর্মকর্তাগণ অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৫ কার্তিক ১৪২৩/৩০ অক্টোবর ২০১৬

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.১৫৭.১৬-৩৪৮**—প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরে নিয়োজিত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন উপপরিচালক জনাব মোস্তফা ফারুক (পরিচিতি নম্বর ৫৪)-এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ০১ জানুয়ারি ১৯৫৮ হওয়ায় আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে তাঁর বয়স ৫৯ (ঊনষাট) বছর পূর্ণ হবে। সে অনুসারে আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখে তিনি চাকরি থেকে অবসরোত্তর ছুটিতে গমন করবেন।

২। '১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালা' অনুযায়ী উপপরিচালক জনাব মোস্তফা ফারুক ০২ বছর ০৬ মাস ২৩ দিন গড়বেতনে ও ০২ বছর ০৭ মাস ২৪ দিন অর্ধগড়বেতনে ছুটি প্রাপ্য হয়েছেন। তাঁর প্রাপ্য অর্ধগড়বেতনের ছুটিকে গড়বেতনের ছুটিতে রূপান্তর করলে (০২ বছর ০৬ মাস ২৩ দিন+০১ বছর ০৩-১/২ মাস ১২ দিন) মোট ০৩ (তিন) বছর ১০ (দশ) মাস ২০(কুড়ি) দিন গড়বেতনে তাঁর অনুকূলে অবসরোত্তর ছুটি প্রাপ্য রয়েছে।

৩। এ অবস্থায়, 'The Public Servants (Retirement) (Amendment) Act, 2010-এর অনুচ্ছেদ-৩ এবং 'Public Servants (Retirement) (Amendment) Ordinance, 2011'-এর অনুচ্ছেদ-২ অনুসারে উপপরিচালক জনাব মোস্তফা ফারুক (পরিচিতি নম্বর ৫৪)-কে ৩১ ডিসেম্বর ২০১৬ তারিখ থেকে অবসর প্রদান করা হলো এবং ১ জানুয়ারি ২০১৭ থেকে ৩১ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর গড়বেতনের অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুরসহ অনধিক ১৮ (আঠার) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) পরিশোধের জন্য মঞ্জুরী প্রদান করা হলো।

৪। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসর সংক্রান্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবু বকর ছিদ্দিক**
যুগ্মসচিব।